

বাংলাদেশ এ্যাসোসিয়েশন ফর চাইল্ড এ্যান্ড এডোলেসেন্ট মেন্টাল হেলথ-এর ১০ম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। আজ ২৭ নভেম্বর ২০১৭, সোমবার সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ এ্যাসোসিয়েশন ফর চাইল্ড এ্যান্ড এডোলেসেন্ট মেন্টাল হেলথ-এর সভাপতি অধ্যাপক ডা. এম এ সালাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (উপাচার্য) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, অধ্যাপক ডা. ওয়াজিউল আলম চৌধুরী। সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মনোরোগ বিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. বুনু শামসুন নাহার, অধ্যাপক ডা. এম এস আই মল্লিক প্রমুখ উপস্থিত ছিলেন।

